

ডিনের কার্যালয়

ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ

উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্র ভবন (১০ম তলা)

ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ



Office of the Dean

Faculty of Engineering and Technology
Centre for Advanced Research in Sciences
Bhabon (9th Fl), University of Dhaka
Dhaka-1000, Bangladesh



স্মারক নং-ই.এন্ড টি.অনু: প্রযুক্তি ভর্তি-৯০/২০২৩

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
৩০ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি-১

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ৩০/০৮/২০২৩ তারিখ মাইগ্রেশনের মাধ্যমে বিষয় মনোনয়ন দেওয়া হয়েছে। প্রার্থীদের মধ্যে (মেধাক্রম ১ হতে ২৪২৪ মেধাক্রম পর্যন্ত) যারা ২৬/০৮/২০২৩ তারিখে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ডিন অফিসে জমা দিয়েছে, তাদের মাইগ্রেশনে প্রাপ্ত প্রতিষ্ঠানে স্বশরীরে উপস্থিত হয়ে ৩১ আগস্ট ২০২৩ হতে ৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখ বিকাল ৩.০০ টার মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নির্ধারিত ফি জমা দিয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে, অন্যথায় তাদের বিষয় ও প্রতিষ্ঠান মনোনয়ন বাতিল বলে গন্য হবে। উল্লেখ্য যে, বিভিন্ন কোটার আবেদনাকরী প্রার্থীদের বিষয় মনোনয়ন কর্তৃপক্ষের অনুমোদনের পর অনলাইনে প্রকাশ করা হবে।

ভর্তির কার্যক্রম সম্পন্ন করার জন্য নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবে:

- ডিন অফিস-এ এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দেয়ার প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের (Transcript Received সিলযুক্ত) ফটোকপি মনোনিত কলেজ/ইনস্টিটিউটসমূহে জমা দিতে হবে।
- প্রার্থীর বর্তমান মনোনিত বিষয়ের প্রিন্টকপি কলেজ/ইনস্টিটিউটসমূহে জমা দিতে হবে।
- সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভর্তি ফিসহ অন্যান্য আনুষঙ্গিক ফি জমা দিয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- যেসকল প্রার্থী ভর্তি সম্পন্ন করবে তাদের অটোমাইগ্রেশন চলমান থাকবে।
- কোনো প্রার্থী অটোমাইগ্রেশন না চাইলে অনলাইনের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রযুক্তি ইউনিট ভর্তি সংশ্লিষ্ট ওয়েব সাইটে (<https://collegeadmission.eis.du.ac.bd>) লগইন করে অটোমাইগ্রেশন বন্ধের আবেদন করতে হবে।
- যেসকল প্রার্থী তার পছন্দক্রমের ১ নং বিষয়ে মনোনয়ন পেয়েছে, তাদের অটোমাইগ্রেশন বন্ধের প্রয়োজন নেই।
- অটোমাইগ্রেশনের ফলে প্রতিষ্ঠান পরিবর্তন হলে প্রার্থীর জমাকৃত ফি পরবর্তিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে সমন্বয় করা হবে।

ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করার জন্য এছাড়া যে সকল কাগজপত্রের প্রয়োজন হবে:

- (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছাড়া ৬ (ছয়) কপি রঙিন ছবি।
- (গ) এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্টের প্রতিটির সত্যায়িত ছাড়া ২ (দুই) টি ফটোকপি।
- (গ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত Testimonial (চারিত্রিক সনদসহ প্রশংসাপত্র) সত্যায়িত ছাড়া ১ (এক) টি ফটোকপি।
- (ঙ) এইচ.এস.সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের সত্যায়িত ছাড়া ২ (দুই) টি ফটোকপি।
- (চ) অভিভাবকের আয়ের সনদ (চাকুরিদাতা প্রতিষ্ঠান কর্তৃক অথবা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ পৌর মেয়র/পৌর কমিশনার/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)।
- (ছ) ভর্তি ফি সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট কলেজ/ইনস্টিটিউট হতে জানতে হবে।

এখানে উল্লেখ্য, যেসকল প্রার্থী বিষয় মনোনয়ন পেয়েছে এবং ডিন অফিস-এ মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দেওয়ার পর মনোনিত বিষয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করবে না, তারা অত্র ডিন অফিস-এ উপস্থিত হয়ে নগদ ১,০০০.০০ (এক হাজার) টাকা জমা দিয়ে একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফেরত নিতে পারবে।

২৫/০৮/২০২৩

(অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু)

ডিন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ

এবং

কোঅর্ডিনেটর, প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষা ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ

ঢাকা বিশ্ববিদ্যালয়